**ক্রমিক নম্বর ৩ : ভিশন মিশন**

শিক্ষা প্রতিষ্ঠানে মানসম্পন্ন শিক্ষা প্রদানের লক্ষ্যে মানসম্পন্ন শিক্ষক, শিক্ষা সামগ্রী সংগ্রহ, সংরক্ষণ এবং ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন। সকল শিক্ষককে প্রশিক্ষণের মাধ্যমে যোগ্যতা বৃদ্ধির পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানে শতকরা ১০০ ভাগ শিক্ষার্থী ভর্তি নিশ্চিত করতে হবে। শিক্ষার্থীর ঝড়ে পড়া হ্রাসসহ শিক্ষার্থী-শিক্ষকের অনুপাত হ্রাস করা প্রয়োজন। মানসম্পন্ন শিক্ষা প্রদানের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের আইসিটি ল্যাবগুলো সচল রাখা, সবোর্চ্চ ব্যবহার এবং বিজ্ঞান শিক্ষার সুযোগ বৃদ্ধি করতে হবে। শিক্ষার্থীদের মেধা ও মননের বিকাশে বিভিন্ন সৃজনশীল প্রতিযোগিতা আয়োজনের পাশাপাশি লাইব্রেরি প্রতিষ্ঠা এবং তার পূর্ণ ব্যবহার নিশ্চিত করতে হবে। সহ-পাঠক্রমিক কার্যক্রম জোরদার করতে হবে। জাতীয় পর্যায়ে গ্রীষ্মকালীন ও শীতকালীন খেলাধুলায় অংশগ্রহণের মাধ্যমে শিক্ষার্থীদের দৈহিক সক্ষমতা বৃদ্ধিসহ মাদকের ভয়াল গ্রাস হতে আগামী প্রজন্মকে রক্ষা করতে হবে। জেলা শিক্ষা অফিস, রাজশাহী এবং তার আওতাধীন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসসমূহে ই-ফাইলিং কার্যক্রম জোরদার করতে হবে। জেলার মোট শিক্ষার্থীর ৫০ ভাগকে কিশোর বাতায়নে অর্ন্তভুক্তকরণের কার্যক্রম গ্রহণ করতে হবে।